বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা- ১২০৭।

"নিয়োগ বিজ্ঞপ্তি"

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নিম্নোক্ত পদসমূহে নিয়োগের উদ্দেশ্যে প্রকৃত বাংলাদেশী যোগ্য নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে ঃ

ক্র. নং	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	উপ-পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয়) টাকাঃ ২২২৫০- ৩১২৫০/-	১ (এক)	সর্বোচ্চ ৪৫ বছর	ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪/৫ বছরের স্নাতক ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি। সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/ সমমান গ্রেড থাকিতে হইবে। কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/ বিভাগ/ সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। খ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা/প্রশাসন/অর্থ ও হিসাব/ গবেষণা/পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে প্রথম শ্রেণীর কর্মকর্তা (জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব) পদে কমপক্ষে ১২ (বার) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। তন্মধ্যে সিনিয়র সহকারী পরিচালক/সমমান পদে (জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেড) এবং সহকারী পরিচালক/ সমমান পদে (জাতীয় বেতন স্কেলের ৭ম গ্রেড) ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকিতে হইবে। প্রার্থীকে বাংলা ও ইংরেজি ভাষায় পারদর্শী হইতে হইবে। কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ হইতে হইবে।
২।	উপ-পরিচালক (পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট) টাকাঃ ২২২৫০- ৩১২৫০/-	১ (এক)	সর্বোচ্চ ৪৫ বছর	ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪/৫ বছরের স্নাতক ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি। সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/ সমমান গ্রেড থাকিতে হইবে। কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/ বিভাগ/ সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। খ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা/প্রশাসন/অর্থ ও হিসাব/ গবেষণা/পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে প্রথম শ্রেণীর কর্মকর্তা (জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব) পদে কমপক্ষে ১২ (বার) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। তন্মধ্যে সিনিয়র সহকারী পরিচালক/সমমান পদে (জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেড) এবং সহকারী পরিচালক/ সমমান পদে (জাতীয় বেতন স্কেলের ৭ম গ্রেড) ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকিতে হইবে। প্রার্থীকে বাংলা ও ইংরেজি ভাষায় পারদর্শী হইতে হইবে। কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ হইতে হইবে।
৩।	উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) টাকাঃ ২২২৫০- ৩১২৫০/-	১ (এক)	সর্বোচ্চ ৪৫ বছর	ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪/৫ বছরের স্নাতক ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি। সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/ সমমান গ্রেড থাকিতে হইবে। কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/ বিভাগ/ সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। খ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা/প্রশাসন/অর্থ ও হিসাব/ গবেষণা/পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে প্রথম শ্রেণীর কর্মকর্তা (জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব) পদে কমপক্ষে ১২ (বার) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। তন্মধ্যে সিনিয়র সহকারী পরিচালক/সমমান পদে (জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেড) এবং সহকারী পরিচালক/সমমান পদে (জাতীয় বেতন স্কেলের ৭ম গ্রেড) ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকিতে হইবে। সরকারি বিধি-বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্ছনীয়। গ) সিভিল ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার/ইউআরপি/অর্থনীতিতে স্নাতকোত্তর ডিগ্রিধারী এবং ফিজিক্যাল প্লানিং ও উন্নয়ন সংক্রান্ত কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।
৪।	সিনিয়র সহকারী পরিচালক টাকাঃ ১৮৫০০- ২৯৭০০/-	১ (এক)	সর্বোচ্চ ৪০ বছর	ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪/৫ বছরের স্নাতক ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি। সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকিতে হইবে। কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/ বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। খ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা/প্রশাসন/অর্থ ও হিসাব/ গবেষণা/পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে প্রথম শ্রেণীর কর্মকর্তা (জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব) পদে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীকে বাংলা ও ইংরেজি ভাষায় পারদর্শী হইতে হইবে। কম্পিউটার ব্যবহারে অভিজ্ঞ হইতে হইবে। সরকারি বিধি-বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্ছনীয়।
৫।	সহকারী পরিচালক টাকাঃ ১১০০০- ২০৩৭০/-	৩ (তিন)	সর্বোচ্চ ৩০ বছর	ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪/৫ বছরের স্নাতক ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি। সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকিতে হইবে। কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/ বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। খ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা/প্রশাসন/অর্থ ও হিসাব/ গবেষণা/পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। প্রার্থীকে বাংলা ও ইংরেজ্বি ভাষায় পারদর্শী হইতে হইবে। কম্পিউটার ব্যবহারে অভিজ্ঞ হইতে হইবে। সরকারি বিধি-বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্ছনীয়।
৬।	ব্যক্তিগত কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা টাকাঃ ৮০০০-১৬৫৪০/-	২ (দুই)	সর্বোচ্চ ৩০ বছর	ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৪/৫ বছরের স্নাতক ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি। সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকিতে হইবে। কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/ বিভাগ/ সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। খ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা/প্রশাসন/অর্থ ও হিসাব/ গবেষণা/পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। কম্পিউটার ব্যবহারে দুই বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। সরকারি বিধি-বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্ছনীয়।
৭।	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) টাকাঃ ৮০০০-১৬৫৪০/-	১ (এক)	সর্বোচ্চ ৩০ বছর	ক) প্রার্থীর যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেডে ডিপ্লোমা পাস থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন ৩য় শ্রেণী/ বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। খ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটার ব্যবহারে অভিজ্ঞ হইতে হইবে। সরকারি বিধি-বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্ছনীয়।
৮।	উপ-সহকারী প্রকৌশলী (অটোমোবাইল) টাকাঃ ৮০০০-১৬৫৪০/-	১ (এক)	সর্বোচ্চ ৩০ বছর	ক) প্রার্থীর যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং-এ ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেডে ডিপ্লোমা পাস থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন ৩য় শ্রেণী/ বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।। খ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটার ব্যবহারে অভিজ্ঞ হইতে হইবে। সরকারি বিধি-বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্ছনীয়।
৯।	একাউনটেন্ট টাকাঃ ৬৪০০- ১৪২৫৫/-	১ (এক)	১৮-৩০ বছর	ক) প্রার্থীর যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীতে স্নাতক ডিগ্রি থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত বা সরকারিভাবে স্বীকৃত এবং প্রতিষ্ঠিত কোন বেসরকারী প্রতিষ্ঠানে কমপক্ষে ০৩ (তিন) বছরের কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।
১০।	ক্যাশিয়ার টাকাঃ ৬৪০০- ১৪২৫৫/-	১ (এক)	১৮-৩০ বছর	ক) প্রার্থীর যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীতে স্নাতক ডিগ্রি থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত বা সরকারিভাবে স্বীকৃত এবং প্রতিষ্ঠিত কোন বেসরকারী প্রতিষ্ঠানে কমপক্ষে ০৩ (তিন) বছরের কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।
১১।	অডিটর টাকাঃ ৬৪০০- ১৪২৫৫/-	১ (এক)	১৮-৩০ বছর	ক) প্রার্থীর যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীতে স্নাতক ডিগ্রি থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত বা সরকারিভাবে স্বীকৃত এবং প্রতিষ্ঠিত কোন বেসরকারী প্রতিষ্ঠানে কমপক্ষে ০৩ (তিন) বছরের কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।
১২।	বাজেট পরীক্ষক টাকাঃ ৫৫০০- ১২০৯৫/-	১ (এক)	১৮-৩০ বছর	ক) প্রার্থীর যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীতে স্নাতক ডিগ্রি থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত বা সরকারিভাবে স্বীকৃত এবং প্রতিষ্ঠিত কোন বেসরকারী প্রতিষ্ঠানে কমপক্ষে ০২ (দুই) বছরের কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে।
১৩।	অফিস সহকারী-কাম-কম্পিউটার টাইপিষ্ট টাকাঃ ৪৭০০- ৯৭৪৫/-	৮ (আট)	সর্বোচ্চ ৩০ বছর	ক) প্রার্থীর যে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হইতে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী/ সমমান গ্রেডে এইচ,এস,সি অথবা সমমানের পরীক্ষায় পাশ হইতে হইবে। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত বা সরকারিভাবে স্বীকৃত এবং প্রতিষ্ঠিত কোন বেসরকারী প্রতিষ্ঠানে কর্ম অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। গ) প্রার্থীকে কম্পিউটার টাইপিং-এ বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দ এবং ইংরেজিতে ৪০ শব্দের গতি সম্পন্ন হইতে হইবে।
১৪।	এমএলএসএস টাকাঃ ৪১০০- ৭৭৪০/-	৪ (চার)	১৮-৩০ বছর	ক) প্রার্থীর যে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হইতে ন্যূনতম ৮ম শ্রেণী পাশ হইতে হইবে। খ) এসএসসি পাশসহ অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।

খ. আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত ছকে তথ্য/জীবনবৃত্তান্ত প্রদানসহ আবেদনপত্র **সচিবের** বরাবরে ডাকযোগে অথবা সরাসরি আগামী ০২-১২-২০১৩ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে **বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা- ১২০৭** ঠিকানায় পৌঁছাইতে হইবে।

(১) প্রার্থীত পদের নাম ঃ
(২) আবেদনকারীর নাম (ক) বাংলায় ঃ
(খ) ইংরেজিতে (ক্যাপিটাল লেটার) ঃ
(৩) আবেদনকারীর বর্তমান কর্মস্থল (পদবী ও নাম ঠিকানাসহ) ঃ
(৪) পিতার নাম/স্বামীর নাম ঃ
(৫) মাতার নাম ঃ
(৬) বর্তমান ঠিকানা / পত্র যোগাযোগের ঠিকানা (ক) বাংলায় ঃ
(খ) ইংরেজিতে ঃ
(৭) স্থায়ী ঠিকানা (ক) বাংলায় ঃ
(খ) ইংরেজিতে ঃ
(৮) টেলিফোন নম্বর (যদি থাকে) ঃ
(৯) নিজ জেলা/স্বামীর জেলা ঃ
(১০) জন্ম তারিখ ঃ
(১১) বয়স (বিজ্ঞাপনে উল্লিখিত দরখাস্ত জমাদানের শেষ তারিখের ভিত্তিতে) ঃ
(১২) জাতীয়তা ঃ
(১৩) ধর্ম ঃ
(১৪) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি-নাতনী কি না ঃ
(১৫) প্রার্থী উপজাতীয় তফসিলভুক্ত কি না ঃ
(১৬) শিক্ষাগত যোগ্যতা ঃ

ক্রমিক নং	পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	বোর্ড/ বিশ্ববিদ্যালয়	পাশের সন	প্রাপ্ত বিভাগ/শ্রেণী/ জিপিএ	প্রধান পাঠ্য বিষয়সমূহ

(১৭) অভিজ্ঞতা (যদি থাকে) ঃ

ক্রমিক নং	পদের নাম ও প্রতিষ্ঠান	জাতীয় বেতনস্কেলে নিজ পদের মূল ও বর্তমানে প্রাপ্ত স্কেল			নিয়োগের ধরণ (নিয়মিত, স্থায়ী, এডহক, চুক্তি ভিত্তিক, দৈনিক ভিত্তিক ইত্যাদি)	চাকুরীর মেয়াদকাল		
		মূলস্কেল	সিলেকশন গ্রেড	টাইমস্কেল		হইতে	পর্যন্ত	মোট

(১৮) বর্তমানে আবেদনকারীর বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা চলছে কিনা/চাকুরীকালে কোন লঘু বা গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন কিনা ইত্যাদি সম্পর্কিত বিস্তারিত তথ্য ঃ
(১৯) প্রশিক্ষণ (যদি থাকে) ঃ
(২০) অন্যান্য তথ্য (যদি থাকে) ঃ
(২১) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং ঃ..... টাকার পরিমাণ ঃ..... ব্যাংকের নাম ও শাখার নাম ঃ.....
(২২) সংযোজিত কাগজপত্রের তালিকা ঃ

.....
আবেদনকারীর নাম, স্বাক্ষর ও তারিখ

গ. **আবেদনপত্রের সংগে নিম্নবর্ণিত কাগজপত্র সংযোজন করিতে হইবে ঃ**

(১) উপরে উল্লিখিত ছক অনুযায়ী জীবন বৃত্তান্ত।
(২) সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর অনুকূলে ১-৪ নং ক্রমিক-এর জন্য ৮০০/-(আটশত) টাকা, ৫-৮ নং ক্রমিক-এর জন্য ৫০০/-(পাঁচশত) টাকা, ৯-১২ নং ক্রমিক-এর জন্য ৪০০/-(চারশত) টাকা, ১৩ নং ক্রমিক-এর জন্য ৩০০/-(তিনশত) টাকা এবং ১৪ নং ক্রমিক-এর জন্য ২০০/-(দুইশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য)।
(৩) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি।
(৪) সকল পরীক্ষা পাশের সার্টিফিকেট/প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি/ফটোকপি।
(৫) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি/ফটোকপি।
(৬) নিজ জেলার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক ইস্যুকৃত জাতীয়তার সনদপত্রের সত্যায়িত কপি।
(৭) বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে ডিগ্রি সমমান নির্ধারণী পত্রের সত্যায়িত কপি।
(৮) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি-নাতনী হিসেবে চাকুরী প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতার/মাতার মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে ইস্যুকৃত সার্টিফিকেটের সত্যায়িত কপি।
(৯) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত উপজাতীয় সম্পর্কিত সনদপত্রের সত্যায়িত কপি।

ঘ. **সাধারণ জ্ঞাতব্য ঃ**

(১) খামের উপর প্রার্থীত পদের নাম উল্লেখ করিতে হইবে।
(২) প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত সাপেক্ষে লিখিত অথবা ব্যবহারিক অথবা মৌখিক অথবা উল্লিখিত সকল ধরনের পরীক্ষায় অবতীর্ণ হইতে হইবে।
(৩) চাকুরীরত প্রার্থীদেরকে তাঁদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
(৪) (ক) মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩৩ বছর।
(খ) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা প্রযোজ্য নয়।
(৫) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মধ্যে যে কোন একটি শর্ত শিথিলযোগ্য ঃ
(ক) শিক্ষাগত যোগ্যতা শিথিলের ক্ষেত্রে নিম্নরূপ নীতিমালা অনুসরণ করা হইবে ঃ
শিক্ষাগত যোগ্যতার ন্যূনতম পর্যায় ঠিক রাখিয়া এসএসসি হইতে মাস্টার্স ডিগ্রি পর্যন্ত একাডেমিক পরীক্ষায় নির্ধারিত শ্রেণী/বিভাগ/ গ্রেডের স্থলে কেবলমাত্র একটি পর্যায়ে পরবর্তী নিম্নতর শ্রেণী/বিভাগ/গ্রেড গ্রহণযোগ্য হইবে। এছাড়া স্নাতক (সম্মান)-এর স্থলে স্নাতক (পাস) গ্রহণযোগ্য হইবে।
(খ) অভিজ্ঞতার শর্ত শিথিলের ক্ষেত্রে নিম্নরূপ নীতিমালা অনুসরণ করা হইবে ঃ
মোট চাহিত অভিজ্ঞতার $\frac{১}{৩}$ অংশ শিথিলযোগ্য। তবে যে পদের জন্য আবেদন করিবেন তাহার অব্যবহিত পূর্ব পদে চাহিত অভিজ্ঞতা কোনক্রমেই শিথিলযোগ্য নয়।
(৬) দেশ বা বিদেশ থেকে উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ প্রাপ্ত/খ্যাতিমান কোন প্রতিষ্ঠান থেকে বিশেষ কর্মদক্ষতা অর্জনকারী কমিশনের অভ্যন্তরীন প্রার্থীদের ক্ষেত্রে বিজ্ঞাপিত পদের অব্যবহিত পূর্ব পদে চাহিত অভিজ্ঞতার $\frac{১}{৩}$ অংশ এবং সর্বমোট অভিজ্ঞতার $\frac{১}{৩}$ অংশ কমিশন কর্তৃপক্ষ শিথিল করিতে পারিবেন। সাধারণ জ্ঞাতব্য অংশের অনুচ্ছেদ (৬) এর এই সুবিধা অনুচ্ছেদ (৫) এ প্রদত্ত সুবিধার অতিরিক্ত হিসেবে গণ্য হবে।
(৭) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃপক্ষ যেকোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

(ড. মোঃ খালেদ)
সচিব

GD-4304

বাংলা একাডেমী
ঢাকা

স্মারক : প্রাপপ্র/প্রাতি-সা-৪০৭/২০১৩/২৫০/বাএ তারিখ : ১১.১১.২০১৩

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলা একাডেমীর নিম্নোক্ত শূন্য পদসমূহ পূরণের জন্য অস্থায়ীভিত্তিতে নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	অনুবাদক (সাহিত্য শাখা)	১১০০০-২০৩৭০	১	অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি।
২	নিবন্ধন অফিসার (সংগ্রহশালা)	১১০০০-২০৩৭০	১	অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি।
৩	সমীক্ষক (ফোকলোর)	১১০০০-২০৩৭০	১	অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি।
৪	সহপাণ্ডুলিপি সম্পাদক	৮০০০-১৬৫৪০	২	অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি।

অন্যান্য যোগ্যতা :

ক. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা হতে শুরু করে সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি।
খ. সংশ্লিষ্ট ক্ষেত্রে বাংলা ব্যাকরণ ও ইংরেজি সাহিত্যে জ্ঞান, পাণ্ডুলিপি সম্পাদনা, প্রেস কপি তৈরি ও প্রুফ দেখার অভিজ্ঞতা এবং কম্পিউটারে দক্ষতা থাকতে হবে।
গ. শিক্ষকতায় অথবা গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
ঘ. সংশ্লিষ্ট ক্ষেত্রে উল্লেখযোগ্য গবেষণা প্রকাশনা (বই/প্রবন্ধ)/ইংরেজিতে প্রকাশিত বই থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসেবে অগ্রাধিকার দেওয়া হবে।
ঙ. ২৮.১১.২০১৩ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ ও সর্বোচ্চ ৩০ বছর। মুক্তিযোদ্ধা পোষ্যের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর।
চ. বিভাগীয়/অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

শর্তাবলি :

১. প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, নিজ জেলা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা উল্লেখপূর্বক **মহাপরিচালক, বাংলা একাডেমী, ঢাকা ১০০০** বরাবর আবেদন করতে হবে।
২. সকল পরীক্ষায় উত্তীর্ণ সনদ, অভিজ্ঞতা সনদ, ইউনিয়ন কাউন্সিল/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/সিটি কর্পোরেশন প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি ছবি প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
৩. প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত প্রার্থীর চারিত্রিক সনদপত্র আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
৪. আবেদনপত্রের সাথে **বাংলা একাডেমী, ঢাকা** বরাবরে ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
৫. প্রার্থীর পদের নাম এবং নাম-ঠিকানা লেখাসহ ১২/- (বার) টাকার অব্যবহৃত ডাকটিকিট সংবলিত ৯´× ৪´ মাপের একটি খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৬. আবেদনপত্রের খামের ওপর স্পষ্ট অক্ষরে পদের নাম উল্লেখ করতে হবে।
৭. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৮. আবেদনপত্র আগামী ২৮.১১.২০১৩ তারিখের মধ্যে **মহাপরিচালক, বাংলা একাডেমী, ৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা ১০০০** বরাবর পৌছাতে হবে।
৯. সরকার নির্ধারিত কোটাসমূহ সংরক্ষণ করা হবে।
১০. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১১. লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।
১২. মৌখিক পরীক্ষার সময় সকল পরীক্ষায় পাশের সনদ ও অভিজ্ঞতা সনদসহ অন্যান্য সনদের মূল কপি দেখাতে হবে।
১৩. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

সচিব
বাংলা একাডেমী
ঢাকা ১০০০

GD-4306